بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# প্রসপেক্টাস

مدرسة تعمير الملة الكامل للنساء

## Ta'mirul Millat Mohila Kamil Madrasah

## তা'মীরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসা


৮৩/৪, হাজী বাদশা মিয়া রোড, মাতুয়াইল, ডেমরা, ঢাকা-১৩৬২।

মোবাইল: ০১৯৩৩-২৩৪ ৫৭৫, ০১৮১৯-৪৯৮ ৫১২

millatmohila@yaho.com www.tmd.edu.bd



আলিম ১ম বর্ষের ওরিয়েন্টেশন ক্লাসে সবক ও দোয়া প্রদান করছেন মাদরাসা গভর্নিংবডির সম্মানিত সভাপতি অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ যাইনুল আবেদীন




সাংস্কৃতিক সপ্তাহের আকর্ষণীয় ইভেন্ট পিঠা উৎসব ও বিজ্ঞান মেলার উদ্বোধন করছেন মাদরাসা গভর্নিংবডির সভাপতি অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ যাইনুল আবেদীন




খতমে বুখারীর উদ্বোধনী ক্লাসে বক্তব্য রাখছেন তা'মীরুল মিল্লাত ট্রাস্টের সহসেক্রেটারী জনাব মাহমুদ হোসাইন

# ভূমিকা

“তা’মীরুল মিল্লাত ট্রাস্ট” কর্তৃক পরিচালিত ‘তা’মীরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসা’ একটি আবাসিক ও অনাবাসিক আদর্শ দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। দেশের দ্বিমুখী শিক্ষাব্যবস্থার প্রেক্ষাপটে ইসলাম ও আধুনিক শিক্ষার বাস্তব সমন্বয় সাধন করে ইসলামী আদর্শের ভিত্তিতে এ প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। ইংরেজদের প্রবর্তিত আধুনিক শিক্ষাব্যবস্থায় ইসলাম পূর্ণরূপে জানার ও শেখার তেমন কোনো ব্যবস্থা নেই। অন্যদিকে মাদরাসা গুলোতেও ইসলামকে একটি পূর্ণাঙ্গ জীবনবিধান হিসেবে শিক্ষা দেয়ার ব্যবস্থা আজও গড়ে ওঠেনি। ইসলামী জীবন-দর্শন, ইতিহাস-ঐতিহ্য, শিক্ষা-সংস্কৃতি, মূল্যবোধ, অর্থনীতি, রাজনীতি ও সমাজনীতি সম্পর্কে শিক্ষার্থীদেরকে আদর্শ মুসলিম নাগরিকরূপে গড়ে তোলার সুযোগ এখনো সৃষ্টি হয়নি। বিশেষ করে নৈতিক অবক্ষয় থেকে শিক্ষার্থীদেরকে রক্ষা করে চারিত্রিক উৎকর্ষ ও মূল্যবোধ তৈরীর তেমন কোন উল্লেখযোগ্য কার্যক্রম আমাদের শিক্ষাব্যবস্থায় নেই। তবে আশার দিক হলো, মুসলিম মেয়েদের মধ্যে মাদরাসা শিক্ষার প্রতি প্রবল আগ্রহ লক্ষণীয়। কিন্তু সে তুলনায় মেয়েদের জন্য আলাদা মানসম্পন্ন মাদরাসার সংখ্যা খুবই কম। অথচ মহিলারাই গড়ে তুলতে পারে একটি আদর্শ পরিবার। আদর্শ জাতি গঠনের জন্য প্রয়োজন একজন ‘আদর্শ মা’। আর এ জন্যই প্রয়োজন পরিপূর্ণ দ্বীনি শিক্ষা। তাই এদেশের মহিলা সমাজকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত করে সমাজে মহিলা আলিম, ফকীহ ও ইসলাম বিষয়ে মহিলা বিশেষজ্ঞ তৈরীর লক্ষ্যে দীর্ঘদিনের প্রচেষ্টার পর ২০০০ সনে যাত্রা শুরু করে তা’মীরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসা।

# অবস্থান

রাজধানী ঢাকার ডেমরা থানাধীন মাতুয়াইলে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে নৈসর্গিক মনোরম পরিবেশে মাদরাসাটির অবস্থান। উল্লেখ্য, মাদরাসাটি প্রথমে রাজধানীর উপকণ্ঠে গোলাপবাগে ক্লাস শুরু করে। পরবর্তীতে ২০০৮ সালে বর্তমান অবস্থানে নিজস্ব ক্যাম্পাসে প্রাতিষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

# প্রতিষ্ঠার প্রেক্ষাপট

২০০০ সালের কোনো এক শুভক্ষণে ‘তা’মীরুল মিল্লাত ট্রাস্ট’ তা’মীরুল মিল্লাত কামিল মাদরাসার ‘মহিলা শাখা’ নামে একটি প্রতিষ্ঠান করার স্বপ্ন নিয়ে আল্লাহর উপর ভরসা করে গোলাপবাগে ক্ষুদ্র পরিসরে এর কার্যক্রম শুরু করে। সেই প্রচেষ্টার-ই ফসল ‘তা’মীরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসা।’ বাংলাদেশ ব্যাংকের একজন কর্মকর্তা জনাব মোঃ আলাউদ্দিন নামে আল্লাহর এক বান্দাহ তাঁর তিন তলা বাড়ি মাদরাসার জন্য দান করে দেন। শুরু হয় মহিলা মাদরাসার একাডেমিক কার্যক্রম। বলাবাহুল্য, তা’মীরুল মিল্লাতের উন্নতি ও অগ্রযাত্রার রূপকার হলেন অধ্যক্ষ মুহাম্মদ যাইনুল আবেদীন।

## স্তরভিত্তিক সরকারী অনুমোদন

| | |
|---|---|
| দাখিল (মাধ্যমিক) | : ০১ জানুয়ারী ২০০৪ |
| আলিম (উচ্চ মাধ্যমিক) | : ০১ জুলাই ২০০৪ |
| ফাযিল (স্নাতক) পাস | : ২৯ ফেব্রুয়ারী ২০১২ |
| কামিল (স্নাতকোত্তর) হাদীস | : ১৩ এপ্রিল ২০১৭ |
| ফাযিল অনার্স | : ০৮ ডিসেম্বর ২০২৪ |

## লক্ষ্য-উদ্দেশ্য

- ইসলামী নীতি-নৈতিকতার আলোকে শিশু-কিশোর ও তরুণীদের দৈহিক ও মানসিক শিক্ষাদান এবং তাদের সুপ্ত প্রতিভাকে মানবিক ও ইসলামী মূল্যবোধের ভিত্তিতে বিকশিত করা।
- প্রতিটি ছাত্রীকে মুসলিম জাতির ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সাথে পরিচয় করিয়ে ইসলামী জীবনাদর্শের সঠিক জ্ঞানদানের মাধ্যমে দেশপ্রমিক ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা।
- ইসলামের শ্রেষ্ঠত্ব প্রমাণের উপযোগি আলেমা তৈরি করা।
- ইসলামকে একটি কালজয়ী আদর্শ হিসেবে তুলে ধরার যোগ্যতা সৃষ্টি করা।
- আধুনিক ও প্রযুক্তিভিত্তিক শিক্ষায় শিক্ষিত করা।

## পাঠ্যক্রম

১ম শ্রেণি থেকে আলিম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড এবং ফাযিল স্নাতক, ফাযিল সম্মান ও কামিল স্নাতকোত্তর শ্রেণিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসরণ করা হয়। বিশুদ্ধ কুরআন তিলাওয়াত শিখানোর জন্য নূরানী পদ্ধতিতে কুরআন শিক্ষার বিশেষ ব্যবস্থা রয়েছে।

## সহ-পাঠ্যক্রম

- আরবি ও ইংরেজি ভাষায় বিতর্ক অনুষ্ঠান, অনুশীলনী বক্তৃতা, ক্বিরাত, হামদ-নাত, সাপ্তাহিক আলোচনা সভা ইত্যাদি।
- শরীরচর্চা, শরীয়তসম্মত সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়ানুশীলন।
- সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ।
- সাহিত্য সাময়িকী, বার্ষিকী প্রকাশ এবং বিজ্ঞানমেলার আয়োজন, আরবি, বাংলা ও ইংরেজি ভাষায় দেয়ালিকা প্রকাশ।
- বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান।
- বিভিন্ন দিবস এবং সরকারী নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কর্মসূচি পালন।
- বিদেশে উচ্চ শিক্ষায় উৎসাহ ও সহযোগিতা প্রদান।
- শিক্ষকদের দক্ষতা ও দায়িত্বশীলতা বৃদ্ধির লক্ষ্যে মাদরাসার নিজস্ব উদ্যোগে শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা।

## শ্রেণিবিন্যাস ও শিক্ষার্থী সংখ্যা

- প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে কামিল-মাস্টার্স শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়।
- কামিল-মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণিতে হাদীস বিভাগ চালু আছে।
- ফাযিল-স্নাতক (৩ বছর মেয়াদী) বিভাগ, ফাযিল-অনার্স (৪ বছর মেয়াদী)।
- দাখিল ও আলিম শ্রেণিতে সাধারণ ও বিজ্ঞান বিভাগ রয়েছে।
- প্রাক-প্রাথমিক হতে দশম শ্রেণি পর্যন্ত সেকশন চালু আছে।
- শুধু ছাত্রী ভর্তি করা হয়।
- বর্তমানে ছাত্রীসংখ্যা প্রায় পাঁচ হাজার।
- প্রাক-প্রাথমিক থেকে ৫ম ক্লাস শুরু সকাল ৭ টায়। ৬ষ্ঠ শ্রেণি থেকে কামিল ক্লাস শুরু সকাল ১০:৩০ টায় (ঋতুর পরিবর্তনে সময়সূচী পরিবর্তনশীল)।
- হিফজ বিভাগের ক্লাস শুরু সকাল ৬.৩০ (ঋতুর পরিবর্তনে সময়সূচী পরিবর্তনশীল)।

## পরীক্ষা ও মূল্যায়ণ পদ্ধতি

- প্রাক-প্রাথমিক শ্রেণি হতে দশম শ্রেণি পর্যন্ত সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা।
- প্রাক-প্রাথমিক হতে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পরীক্ষা গ্রহণ।
- আলিম শ্রেণিতে কেন্দ্রীয় পরীক্ষায় অংশগ্রহণকারীর জন্য মডেল টেস্টসহ বিশেষ তত্ত্বাবধানের ব্যবস্থা।
- ফাযিল ও কামিল শ্রেণিতে বিশেষ ও নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়।
- চতুর্থ শ্রেণি পর্যন্ত সাময়িক পরীক্ষা থেকে ২০% নম্বর নিয়ে বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হয়।
- পঞ্চম শেণি থেকে কামিল পর্যন্ত সকল পরীক্ষা গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হয়।
- হিফজুল কুরআন বিভাগের ছাত্রীদের জন্য বাংলা, ইংরেজি, গণিত ও আরবি এই ৪টি বিষয়ের পরীক্ষা নিয়ে মূল্যায়ণ করা হয়।
- পরীক্ষার ফলাফল অনলাইনে প্রকাশ করা হয়।

## ইউনিফর্ম

- **প্রাক প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি :** নেভী ব্লু ফ্রক, সাদা সেলোয়ার, সাদা স্কার্ফ, সাদা কেডস্ ও সাদা মোজা এবং নেভী ব্লু সোয়েটার (শীতকালীন)।
- **প্রাক-প্রাথমিক থেকে ১০ম শ্রেণি :** নেভী ব্লু ফুলহাতা কামিজ, সাদা সেলোয়ার, সাদা স্কার্ফ, সাদা কেডস্ ও সাদা মোজা এবং কালো বোরকা এবং নেভী ব্লু সোয়েটার (শীতকালীন)।
- **ফাযিল ১ম বর্ষ :** কালো বোরকা, কালো ওড়না ও হালকা আকাশী কালার স্কার্ফ।
- **ফাযিল ২য় বর্ষ :** কালো বোরকা, কালো ওড়না ও বাদামী কালার স্কার্ফ।
- **ফাযিল ৩য় বর্ষ :** কালো বোরকা, কালো ওড়না ও সুরমা কালার স্কার্ফ।
- **কামিল ১ম পর্ব :** কালো বোরকা, কালো ওড়না ও হালকা গোলাপী স্কার্ফ।
- **কামিল ২য় পর্ব :** কালো বোরকা, কালো ওড়না ও গাঢ় সবুজ স্কার্ফ।
- **আবাসিক ছাত্রীদের জন্য সাদা স্কার্ফে কালো বর্ডার এবং কালো বোরকার হাতায় সাদা বর্ডার।**

## আবাসিক ব্যবস্থাপনা

একজন ছাত্রীকে প্রকৃত যোগ্যতাসম্পন্ন করে গড়ে তুলতে প্রয়োজন নিয়মিত ও সার্বক্ষণিক তত্ত্বাবধান। এজন্য আমাদের রয়েছে এক মনোরম আবাসিক ব্যবস্থাপনা।

## আবাসিকের বৈশিষ্ট্যসমূহ

- ❖ অধ্যয়ন ও আমল-আখলাকের প্রতি বিশেষ নজরদারী।
- ❖ নিয়মিত শ্রেণিভিত্তিক কোচিং।
- ❖ হাউজ টিউটরদের তত্ত্বাবধানে সন্ধ্যার পর বিশেষ ক্লাস।
- ❖ তিনবেলা স্বাস্থ্যসম্মত রুটিন মাফিক খাবার ও একবেলা টিফিন।
- ❖ পঞ্চম শ্রেণি থেকে কামিল পর্যন্ত আবাসিকে ছাত্রী ভর্তির সুযোগ।
- ❖ ২৪ ঘন্টার সুনির্দিষ্ট রুটিন অনুসরণ।
- ❖ পাঁচ ওয়াক্ত সালাত জামায়াতে পড়ার ব্যবস্থা।

## আবাসিকের নিয়মাবলী

- ❖ খাট, চেয়ার ও টেবিল প্রতিষ্ঠান থেকে সরবরাহ করা হয়ে থাকে।
- ❖ ভর্তির সময় থেকে কমপক্ষে তিন মাস থাকতে হবে, অন্যথায় জামানতের টাকা ফেরত পাবে না।
- ❖ প্রত্যেক চলতি মাসের ০৫ তারিখের মধ্যে যাবতীয় প্রাপ্য পরিশোধ করতে হবে।
- ❖ ছাত্রীনিবাসের নিয়মানুযায়ী দৈনন্দিন খাবার, লেখাপড়া, নামায ইত্যাদি সম্পন্ন করতে হবে।
- ❖ অনুমতি গ্রহণ ব্যতীত ছাত্রীনিবাসের বাইরে যাওয়া যাবে না এবং অভিভাবক ছাড়া বাড়িতে যাওয়া যাবে না।
- ❖ বাড়ি যেতে হলে ছুটি নিয়ে যেতে হবে এবং রেজিস্টার খাতায় নাম লিখে যাবে। ছুটি থেকে এসে আসার তারিখ ও সময় লিখতে হবে।
- ❖ হোস্টেলে মোবাইল ফোন রাখা সম্পূর্ণ নিষেধ। ব্লক ইনচার্জের মোবাইল ফোনের মাধ্যমে অভিভাবকদের সাথে কথা বলা যাবে।
- ❖ অভিভাবকদের সাথে সাক্ষাতের সময় বিকাল ৪–৬টা এবং শুক্রবার সারাদিন। সন্ধ্যার পর কোনো অভিভাবকের সাক্ষাৎ কিংবা বাইরে যাওয়া যাবে না।
- ❖ মাসে সাধারণতঃ দুই দিন ছুটি গ্রহণ করা যাবে।
- ❖ মাদরাসার ক্লাস চলাকলীন সময়ে হোস্টেলে অবস্থান করা যাবে না।
- ❖ মাদরাসা ও হোস্টেলের কোনো সম্পদ নষ্ট কিংবা অপচয় করা যাবে না।
- ❖ অন্য ছাত্রীদের জিনিসপত্র তার অনুমতি ব্যতীত ব্যবহার করা যাবে না।
- ❖ কোনো অভিভাবক ও মেহমানদের ছাত্রীনিবাসের অভ্যন্তরে নেয়া যাবে না।
- ❖ ছাত্রীনিবাসের বাইরে যেতে চাইলে অবশ্যই হোস্টেলের দায়িত্বরত ম্যাডামের কাছ থেকে স্লিপ নিতে হবে।
- ❖ হোস্টেলের মাসিক চার্জ ঃ সাধারণ বিভাগে ৫,৫০০/- এবং বিজ্ঞান বিভাগ ও হিফজুল কুরআন বিভাগে ৬,০০০/- টাকা।
- ❖ ভর্তির সময় জামানত বাবদ (ফেরতযোগ্য) ১,০০০/- টাকা প্রদান করতে হবে।
- ❖ শুধুমাত্র অভিভাবকের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিরাই সাক্ষাৎ করতে পারবেন।

## ফাযিল অনার্স বিভাগ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল শ্রেণিতে তিনটি বিষয়ে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স চালু আছে। বিষয় গুলো হলো-

- আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ
- আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

## জামে মসজিদ

'আনোয়ারা খাতুন জামে মসজিদ' নামে মাদরাসার একটি সুদৃশ্য জামে মসজিদ রয়েছে। সাধারণ মুসল্লিরা ৫ম তলা পর্যন্ত নামায আদায় করে, আর ছাত্রীরা তাদের হোস্টেল থেকে ব্রিজ দিয়ে মসজিদের তৃতীয় তলায় গিয়ে জামায়াতে শামিল হয়। নামায আদায় ছাড়াও এ মসজিদে কুরআন শিক্ষা, ধর্মীয় আলোচনাসভা, প্রতি শুক্রবার বাদ মাগরিব পবিত্র কুরআনের তাফসীর, পবিত্র রমযানে মাসব্যাপী রমযানের শিক্ষা ও তাৎপর্য নিয়ে আলোচনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

## গ্রন্থাগার

অত্র মাদরাসার অন্যতম বড় আকর্ষণ হলো বহু মূল্যবান ও দুস্প্রাপ্য প্রায় চার হাজারেরও অধিক পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগার। ছাত্রীরা তাদের পছন্দ মতো বই নিয়ে অধ্যয়ন করতে পারে। এছাড়া ছাত্রী-শিক্ষিকাদের গবেষণার জন্য এ গ্রন্থাগারে নিয়মিত সংরক্ষিত হয় বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, মাসিক পত্রিকা এবং দেশী-বিদেশী ভাষার গবেষণামূলক জার্নাল।

## বিজ্ঞানাগার

মাদরাসার রয়েছে আধুনিক যন্ত্রপাতি সম্বলিত একটি আকর্ষণীয় বিজ্ঞানাগার। বিজ্ঞান বিভাগের ছাত্রীরা এতে ব্যবহারিক ক্লাস করে এবং গবেষণা করে বিভিন্ন জিনিস আবিষ্কার করে।

## মাল্টিমিডিয়া ক্লাস

তথ্য প্রযুক্তিতে এগিয়ে নেয়ার জন্য অত্র প্রতিষ্ঠানের রয়েছে মানসম্মত একটি কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম।

## প্রকাশনা বিভাগ

লেখালেখির মাধ্যমে ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্য এ মাদরাসায় রয়েছে একটি প্রকাশনা বিভাগ। শিক্ষকদের গবেষণামূলক লেখাও এ বিভাগ থেকে প্রকাশ করা হয়। এছাড়া বার্ষিকী, দেয়ালিকা, বিষয় ভিত্তিক গ্রন্থ এ বিভাগের আকর্ষণীয় দিক।

## ক্বিরাআত বিভাগ

বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও আগ্রহী ছাত্রীদের ইলমে ক্বিরাআতে দক্ষতা বৃদ্ধির জন্য এ বিভাগ কাজ করে থাকে। অভিজ্ঞ ক্বারীর মশক্বের মাধ্যমে চমৎকার সুরে কুরআন তিলাওয়াতের চর্চা সর্বদা অব্যাহত থাকে।

## ছাত্রী কল্যাণ বিভাগ

দরিদ্র ও অসহায় শিক্ষার্থীদের মানবিক বিভিন্ন প্রয়োজনে সহায়তার জন্য এ বিভাগ কাজ করে থাকে। স্বচ্ছল অভিভাবক এ বিভাগে তাদের অনুদানের অর্থ প্রদান করে যা ছাত্রীদের শিক্ষা সহায়তা ও চিকিৎসাসহ নানাবিধ প্রয়োজনে ব্যয় করা হয়।

## সাহিত্য-সংস্কৃতি বিভাগ

শিক্ষার্থীদের সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিভাকে বিকশিত করার জন্য এ বিভাগ কাজ করে। বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে শুদ্ধ সংস্কৃতি চর্চার ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়।

## হিফজুল কুরআন বিভাগ

আল্লাহর অশেষ মেহেরবানীতে দীর্ঘ প্রতিক্ষার পর মেয়েদের জন্য হিফজুল কুরআন বিভাগ খোলা হয়েছে। নুরানী, নাজেরা, হিফজ ও তাছমী এ বিভাগের অন্তর্ভূক্ত।

### এ বিভাগের বিশেষত্ব:

- সাপ্তাহিক সবিনা
- মাসিক পরীক্ষা ও পুরস্কার প্রদান
- হুসনে সাওত মাহফিল
- নিয়মিত মাশক্বের ব্যবস্থা
- হিফজের পাশাপাশি শ্রেণিভিত্তিক আরবি, ইংরেজি, গণিত ও বাংলা এই চারটি বিষয়ের জেনারেল ক্লাস
- নির্ধারিত নিয়মে প্রতিদিন সবক, সাত সবক ও আমুখতা আদায়
- প্রমোশন টেস্টের মাধ্যমে আমপারা, নাজেরা ও হিফজ সবক প্রদান
- আবাসিক/অনাবাসিক/ ডে-কেয়ার
- নূরানী প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষিকা ও দক্ষ হাফেজা দ্বারা ক্লাস নেয়া হয়

## হিফজ সমাপন পরিকল্পনা

| শ্রেণি | বয়স | বিভাগ | সময়কাল |
|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | ০৫-০৬ | কায়দা-আমপারা | ১ বছর |
| ১ম | ০৬-০৭ | নাজেরা | ১ বছর |
| ২য় | ০৭-০৮ | হিফজ | ১ বছর |
| ৩য় | ০৮-০৯ | হিফজ | ১ বছর |
| ৪র্থ | ০৯-১০ | হিফজ | ১ বছর |
| ৫ম | ১০-১১ | শুনানী ২ বার | ১ বছর |
| ৬ষ্ঠ | ১১-১২ | শুনানী ৪ বার | ১ বছর |

এই পরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি ছাত্রীর মেধা, ক্লাসে যথাসময়ে নিয়মিত উপস্থিত, মনোযোগ এবং আগ্রহের উপর নির্ভর করে। এছাড়া কর্তৃপক্ষ, অভিভাবক ও শিক্ষকদের আন্তরিকতার মাধ্যমে তার বাস্তবায়ন সম্ভব হবে ইনশাআল্লাহ।

## ভর্তি প্রক্রিয়া

- প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য ১ নভেম্বর থেকে অনলাইনে ভর্তি ফরম সংগ্রহ শুরু হয়। অতঃপর ২৫ ডিসেম্বর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে ভর্তি করা হয়।
- আলিম শ্রেণিতে মাদরাসা শিক্ষাবোর্ডের দাখিল কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল প্রকাশের পর এবং ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়।
- ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকার মাধ্যমে প্রচার করা হয়। অনলাইন-ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেয়া হয়।
- ভর্তি পরীক্ষার বিষয়সমূহ শ্রেণিভিত্তিক বাংলা, ইংরেজী, আরবি, গণিত ও সাধারণ জ্ঞান।
- নবম বিজ্ঞান বিভাগের জন্য আলাদা বিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিতে হবে।
- প্রাক-প্রাথমিক, প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং হিফজ বিভাগে শুধু মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়।
- চতুর্থ থেকে নবম শ্রেণি পর্যন্ত লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়।
- ভর্তি পরীক্ষার মোট নম্বর ৫০ (লিখিত-৪০+মৌখিক-১০) এবং সময় ১ ঘন্টা।
- যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী শ্রেণির বর্ণিত বিষয়গুলো অনুশীলন করতে হবে।
- মাদরাসার ওয়েবসাইটে (www.tmd.edu.bd) ভর্তি ফরম রয়েছে তা যথা নিয়মে পূরণ করে অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ভর্তির সময় একজন ছাত্রীকে ফরমের সাথে নিজ জন্মসনদ, পিতামাতার এনআইডির কপি, পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র ও পাবলিক পরীক্ষার তথ্যাদি (প্রযোজ্য শ্রেণিতে) এবং পাসপোর্ট সাইজের দুই কপি ছবি প্রদান করতে হবে।

# ভর্তি সংক্রান্ত ফি হার নিম্নরূপ

| ক্রমিক নং | খাতের বিবরণ | প্রাক-প্রাথমিক -সপ্তম | অষ্টম | নবম সাধারণ | নবম বিজ্ঞান | দশম সাধারণ | দশম বিজ্ঞান | আলিম সাধারণ | আলিম বিজ্ঞান | ফাযিল পাস, ফাযিল অনার্স ও কামিল | হিফজুল কুরআন বিভাগ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ভর্তি ফি | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | - | - | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- |
| ০২ | বেতন (জানুয়ারি-২৫) | ৫৫০/- | ৫৫০/- | ৫৫০/- | ৬০০/- | ৫৫০/- | ৬০০/- | ৫৫০/- | ৬০০/- | ৫০০/- | ১,৫০০/- |
| ০৩ | সেশন-২০২৫ | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- |
| ০৪ | বিজ্ঞানাগার | - | - | /- | ১,৫০০/- | - | ১,৫০০/- | - | ১,৫০০/- | - | - |
| ০৫ | রেজিষ্ট্রেশন | - | ৭০০/- | ৭০০/- | ৭০০/- | - | - | - | - | ৫০০/- | - |
| ০৬ | উন্নয়ন | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- |
| ০৭ | ডায়েরী | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | - | ২০০/- |
| ০৮ | পরিচয়পত্র | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ০৯ | ক্রীড়া ও রোভার স্কাউট/লাইব্রেরী কার্ড | - | - | - | - | - | - | ১০০/- | ১০০/- | ২০০/- | - |
| ১০ | সিলেবাস | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| ১১ | বিবিধ | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- | ৫০০/- |
| | সর্বমোট = | ৫,৩০০/- | ৬,০০০/- | ৬,০০০/- | ৭,৫৫০/- | ৪,৮০০/- | ৬,৩৫০/- | ৫,৪০০/- | ৬,৯৫০/- | ৫,৮৫০/- | ৬,৩৫০/- |

# আমাদের ব্যতিক্রমধর্মী কিছু আয়োজন

## ভাষা শিক্ষা

আরবি ও ইংরেজি ভাষায় কথোপকথনের যোগ্যতা অর্জনের নিমিত্তে সাপ্তাহিক বিশেষ কোর্স চালু আছে। প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত এই ক্লাস পরিচালিত হয়। নাহু-ছরফ, ইংরেজি Spoken-এর পাশাপাশি সহীহ কুরআন শিক্ষারও ব্যবস্থা রয়েছে। পঞ্চম থেকে কামিল পর্যন্ত যেকোনো প্রতিষ্ঠানের ছাত্রীরা এতে অংশ গ্রহণ করতে পারে।

## সাপ্তাহিক তা'লীম-তারবিয়্যাহ ক্লাস

প্রতি বৃহস্পতিবার নির্দিষ্ট বিষয়ের উপর ১০:৪০ মিনিটে একযোগে সাউন্ড সিস্টেমে এই ক্লাস অনুষ্ঠিত হয়। সকলেই স্ব-স্ব ক্লাসরুমে উপস্থিত থাকে। ক্লাসের বিষয়সমূহের মধ্যে থাকে পিতা-মাতার প্রতি কর্তব্য, সালাত তরক করার ভয়াবহ পরিণাম, সন্ত্রাস ও মাদকের ভয়াবহতা, পর্দা-ই নারীর ভূষণ, মিথ্যা ও তার ভয়াবহ পরিণাম, সালাতের গুরুত্ব ও তাৎপর্য, কুরআন মাজীদ তিলাওয়াতের গুরুত্ব ও ফযীলত ইত্যাদি। এই ক্লাস গ্রহণ করেন মুহতারাম অধ্যক্ষ মহোদয়।

## বিশেষ কোচিং

একাডেমিক ক্লাস হওয়ার আগে কিংবা ক্লাস ছুটির পর ৫ম শ্রেণি থেকে আলিম পর্যন্ত সকল ছাত্রীদের বিশেষ ক্লাস শুরু হয়ে যায়। প্রতিটি গ্রুপে ২০-৩০ জন ছাত্রী থাকে। সকল ক্লাসের আরবি, গণিত, ইংরেজি এবং বিজ্ঞান বিভাগের জন্য রসায়ন, পদার্থ, জীববিজ্ঞান ও গণিত ক্লাস নেয়া হয়। ফলে কোনো ছাত্রীকে বাসায় গিয়ে আর প্রাইভেট পড়তে হয় না।

## অ্যাসেম্বলীতে Spoken Practice ও দু'আ শিক্ষা

নিয়মিত অ্যাসেম্বলীতে কুরআন তিলাওয়াত ও জাতীয় সঙ্গীতের পাশাপাশি Spoken Arabic এবং Spoken English ও দু'আ শিখানো হয়।

## বোর্ড পরীক্ষার্থীদের বিশেষ Care

দশম এবং আলিম বোর্ড পরীক্ষার্থীদের জন্য প্রতি ৩০ জনে এক জন শিক্ষক Guide Teacher হিসেবে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ পর্যন্ত পর্যবেক্ষণ করেন। সাপ্তাহিক পরীক্ষা গ্রহণ, Home Visit, দুর্বলদেরকে চিহ্নিত করে অভিভাবকদের সাথে Co-operation ইত্যাদি কার্যক্রম তিনি পরিচালনা করেন। ফাযিল এবং কামিল পরীক্ষার্থীদের জন্য টেস্টের পর কেন্দ্রীয় পরীক্ষার পূর্ব পর্যন্ত বিশেষ গাইডলাইনমূলক ক্লাস নেওয়া হয়।

## বিষয়ভিত্তিক Inhouse শিক্ষক প্রশিক্ষণ

চতুর্থ শ্রেণি থেকে অষ্টম এবং নবম শ্রেণি থেকে আলিম শ্রেণিতে নাহু-ছরফ পাঠদানকারী শিক্ষিকাদের নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেয়া হয়। অনুরূপভাবে ইংরেজি, গণিত, বিজ্ঞান, কুরআন-হাদীস ও ফিক্হ ইত্যাদি বিষয়ে আলাদা আলাদাভাবে প্রশিক্ষণ চলতে থাকে। এতে প্রত্যেকেই তার অভিজ্ঞতা শেয়ার করেন এবং সমস্যা চিহ্নিত করে সমাধানের পথ খোঁজেন। মুহতারাম অধ্যক্ষ এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন।

## পরিবহন ব্যবস্থা

মাদরাসায় ছাত্র-ছাত্রী আনা-নেয়ার জন্য অত্র প্রতিষ্ঠানের তিন ধরনের পরিবহন ব্যবস্থা রয়েছে : ক) বড় বাস, খ) মাইক্রোবাস ও গ) রিক্সা-ভ্যান। দূরের-কাছের যেকোনো শিক্ষার্থী নিরাপদ যাতায়াতের জন্য এই পরিবহনের সুযোগ গ্রহণ করতে পারে। বিশেষকরে বোর্ড পরীক্ষার্থীদেরকে কেন্দ্রে আনা-নেয়ার জন্য পর্যাপ্ত গাড়ির ব্যবস্থা থাকে।

## মাহে রমযানের কর্মসুচি

১ রমযান থেকে ২০ রমযান পর্যন্ত সহীহ কুরআন শিক্ষা ও নাহু-ছরফের বিশেষ ক্লাস অনুষ্ঠিত হয়। যেকোনো বয়সের আগ্রহী শিক্ষার্থী এতে অংশগ্রহণ করতে পারে। সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত সহীহ কুরআন এবং ১০টা থেকে ১১টা পর্যন্ত নাহু-ছরফের ক্লাস হয়।

## আলিম ফাউন্ডেশন কোর্স

বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আলিম শ্রেণিতে ভর্তি হওয়া ছাত্রীদের জন্য নাহু-ছরফ, Basic English, বিজ্ঞান, সহীহ কুরআন শিক্ষা ইত্যাদি বিষয়ে মাসব্যাপী আলিম ফাউন্ডেশন কোর্স পরিচালিত হয়। কোর্সশেষে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হয়।

## অনলাইন প্রক্রিয়া

আমাদের Web Address- এ প্রবেশ করে ভর্তি ফরম পূরণের মাধ্যমে যেকোনো স্থান থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। এছাড়াও বেতনসহ যাবতীয় কালেকশন অনলাইন প্রক্রিয়ার মাধ্যমেই পরিচালিত হয়। আমাদের ওয়েবসাইটে অভ্যন্তরীণ পরীক্ষার রুটিন ও রেজাল্ট প্রভৃতি পাওয়া যায়।

## স্কুল থেকে আগতদের বিশেষ কোর্স

স্কুল থেকে আগত ছাত্রীদের আরবি ভাষায় দক্ষতা বৃদ্ধির জন্য নাহু-ছরফের বিশেষ কোর্সের ব্যবস্থা রয়েছে।

## অভিভাবকদের জন্য জ্ঞাতব্য বিষয়

- নিজ নিজ সন্তানের মাদরাসায় উপস্থিতি নিশ্চিত করা
- বিনা অনুমতিতে সন্তান মাদরাসায় অনুপস্থিত থাকলে প্রতিষ্ঠানকে অবগত করানো
- মাদরাসার ইউনিফর্ম পরিধান করে মাদরাসায় আসার ব্যাপারে যত্নশীল হওয়া
- সন্তানের মানোন্নয়নে মাদরাসা কর্তৃপক্ষের আহ্বানে সাড়া দেয়া
- মাদরাসার ডায়েরি নিয়মিত পর্যবেক্ষণ ও স্বাক্ষর করা।
- সন্তানের কল্যাণ কামনায় নিয়মিত আল্লাহর নিকট দু'আ করা।
- মোবাইল ফোন ব্যবহার করাকে সম্পূর্ণ নিরুৎসাহিত করা।
- নিরাপদ সড়কের নিয়ম মেনে চলাচল করা




"পড়, তোমার প্রভুর নামে।
যিনি সৃষ্টি করেছেন।"



'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' অনুষ্ঠানের প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করছেন অধ্যক্ষ মুফতি মিজানুর রহমান ও অতিথিবৃন্দ



দাখিল পরীক্ষা- ২০২৪ এ A+ প্রাপ্তদের সংবর্ধনায় বক্তব্য রাখছেন অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ যাইনুল আবেদীন




সাপ্তাহিক তা'লীম তারবিয়্যাহ ক্লাসে বক্তব্য রাখছেন অধ্যক্ষ মুফতি মিজানুর রহমান




শিক্ষক প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন
অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ যাইনুল আবেদীন



জাতীয় সীরাত উদযাপন কমিটি আয়োজিত সিরাতুন্নবী (সা.) উপলক্ষে রচনা প্রতিযোগিতায়
'ক' গ্রুপ থেকে ১ম পুরস্কার গ্রহন করছেন ফাযিল ১ম বর্ষের ছাত্রী মুশফিকা সালসাবিল



'জাতীয় স্মৃতি সৌধ' শিক্ষা সফরে শিক্ষার্থীদের সাথে
অধ্যক্ষ মুফতি মিজানুর রহমান ও শিক্ষিকামণ্ডলী



একাডেমিক ভবন




প্রধান গেইট

**Our Commitment Quality Education**

# তা'মীরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসা

৮৩/৪, হাজী বাদশা মিয়া রোড, মাতুয়াইল, ডেমরা, ঢাকা-১৩৬২।
মোবাইল: ০১৯৩৩-২৩৪ ৫৭৫, ০১৮১৯-৪৯৮ ৫১২